



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন



ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
কনকর্ড রয়্যাল কোর্ট (৬ষ্ঠ তলা), ২৭৫/জি,

নম্বর ৩২.০৮.০০০০.০০১.২৭.১৬১.১৮.৩৯২-১৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৯

০২ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জয়িতা ফাউন্ডেশনের ব্যবহার অযোগ্য মালামাল বিক্রয়ের জন্য প্রকাশ্য নিলাম ডাক বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জয়িতা ফাউন্ডেশনের আওতায় পরিচালিত জয়িতা বিপণন কেন্দ্র এবং জয়িতা ফুডকোর্টের নারী উদ্যোগাদের ব্যবসা পরিচালনার সুবিধার্থে ক্রয়কৃত আসবাবপত্র/ব্যবহার্য সরঞ্জামাদি যন্ত্রপাতির মধ্যে ব্যবহার অযোগ্য মালামাল প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয়ের জন্য ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তি নিম্নোক্ত শর্তে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ব্যবহার অযোগ্য মালামালের তালিকাঃ

ক্রমিক নং	মালামালের বিবরণ	সংখ্যা
১	৫টেন এসি (ইনডোর ও আউডোরসহ)	৪ (চার) টি
২	৫টেন এসি (ইনডোর ও আউডোরসহ)	৪ (চার) টি
৩	৫টেন এসি (ইনডোর ও আউডোরসহ)	১ (এক) টি
১	ধানমন্ডিস্থ রাপা প্লাজা (রোড নং ২৭ (পুরাতন) বাড়ি নং-১, ধানমন্ডি, ঢাকা) এর বেইজমেন্টে জয়িতা বিপণন কেন্দ্রের রাঙ্কিত উল্লিখিত মালামাল বিক্রয়ের জন্য উক্ত স্থানে আগামী ১২/১০/২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।	
২	প্রাঙ্গলিত মূল্য ৭৫০০০/- (পেঁচাতের হাজার টাকা) টাকা ভিত্তি মূল্য (ফেইস ভেল্যু) ধরে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।	
৩	ডাককৃত মূল্যের সাথে ভ্যাট ৭.৫% এবং আয়কর ৩% যোগ করে সর্বমোট নিলাম ডাক মূল্য নির্ধারিত হবে। যা ডাককারীকে প্রদান করতে হবে।	
৪	নিলাম ডাক অংশগ্রহনে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে নগদ ২০০০/- (দুই হাজার) টাকা অংশগ্রহন ফি জমা প্রদান করত: নিলাম ডাকে অংশগ্রহন করতে হবে।	
৫	১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ নিলাম ডাককারীদের একটি প্যানেল করা হবে এবং এই প্যানেলের প্রত্যেকের জামানতের ২০০০/- (দুই হাজার) টাকা জয়িতা ফাউন্ডেশনে জমা থাকবে। অন্য অংশগ্রহনকারীদের জামানতের টাকা তাঁক্ষণিকভাবে ফেরত দেয়া হবে।	
৬	সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে নিলাম ডাক অনুষ্ঠানের পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে ভ্যাট-ট্যাক্সসহ তাঁর সর্বমোট নিলাম ডাক মূল্য বাংলাদেশের যে কোন তফশিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে- অর্ডারের মাধ্যমে জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় তাঁর নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে ২য় সর্বোচ্চ নিলাম ডাক দাতা পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে ভ্যাট-ট্যাক্সসহ তাঁর সর্বমোট নিলাম ডাক মূল্য জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে জমা দিতে পারবেন। ২য় সর্বোচ্চ নিলাম ডাক দাতা ব্যর্থ হলে ৩য় নিলাম ডাক দাতা পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে ভ্যাট-ট্যাক্সসহ তাঁর সর্বমোট নিলাম ডাক মূল্য জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে জমা দিতে পারবেন। ভ্যাট-ট্যাক্সসহ সর্বমোট নিলাম ডাক মূল্যের ড্রাফট/পে-অর্ডার জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে জমা দিতে ব্যর্থ নিলাম ডাককারীদের নিলাম ডাক অংশগ্রহন ফি বাবদ জামানতের ২০০০/- (দুই হাজার) টাকা বাজেয়াপ্ত করা হবে।	
৭	৬ নং ক্রমিকের শর্তানুযায়ী ব্যর্থ না হলে কার্যাদেশ প্রাপ্ত ডাককারী ব্যক্তিত প্যানেলভুক্ত অন্য ডাককারীদের অংশগ্রহণ ফি হিসাবে প্রদত্ত জামানতের ২০০০/- (দুই হাজার) টাকা কার্যাদেশ প্রদানের পর ফেরত দেয়া হবে। সন্তোষজনক কার্য সমাপ্তি শেষে কার্যাদেশ প্রাপ্ত ডাককারীর জামানত ফেরত দেয়া হবে।	

৮	কার্যাদেশ জয়ীর তারিখ থেকে সর্বোচ্চ ৩ দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত সফল নিলাম ডাককারীকে নিলামকৃত মালামাল অপসারণ করিতে হবে।
৯	কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে কার্য সম্পাদনে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল করা হবে এবং জামানতের ২০০০/- (দুই হাজার) টাকাসহ জমাকৃত ভ্যাট-ট্যাক্সসহ মোট নিলামকৃত মূল্য বাজেয়াপ্ত করা হবে।
১০	জয়িতা ফাউন্ডেশন কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিল বা যে কোন কারণে কার্যাদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিলাম ডাক বাতিল বা কার্যাদেশ বাতিল করা হলে অংশগ্রহনকারী ডাক দাতাদের তা মেনে নিতে হবে। কোন আপত্তি করা যাবে না।
১১	উল্লিখিত শর্তাদিতে সম্মত থাকলেই কেবল নিলাম ডাকে অংশগ্রহন করতে পারবে।

—
—

৩-১০-২০২২

নিপুল কান্তি বালা

পরিচালক- ২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ২) সহকারী ব্যবস্থাপক (বিপণন ও সম্প্রসারণ), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৩) সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৪) উপজেলা মহিলা বিষয়ক অফিসার (সংযুক্ত), ক্রয় ও ভান্ডার ব্যবস্থাপনা (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
- ৫) পিএ টু ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন